



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
EIIN No-126487



টেলিফোন : ০৭২১-৭৭৫৬৯৪, ফ্যাক্স : ০৭২১-৭৭৫৫৩৫, ই-মেইল : rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com ওয়েব সাইট : www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

তারিখ: ২৫/০২/২০২১ খ্রি.

নোটিশ

এতদ্বারা এ কলেজে অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ঐতিহাসিক ৭ মার্চ, ২০২১ পালন উপলক্ষে 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের গুরুত্ব ও প্রভাব' শিরোনামে একটি রচনা প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চ-এর ভাষণ পাঠ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় ১২০০ শব্দের মধ্যে স্ব-হস্তে লিখিত রচনা-এর হার্ডকপি ইংরেজী বিভাগের প্রভাষক জনাব রাশা শামীম-এর নিকট অথবা সফটকপি (mozafferhossain16@gmail.com) ই-মেইল ঠিকানায় আগামী ০৫/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য বলা হলো।

এছাড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদেরকে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ স্বকণ্ঠে পাঠ করে রেকর্ডকৃত ভিডিও উক্ত ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে।

রচনা জমা দেওয়ার শর্তাবলী :

- ১। রচনা সাদা কাগজে (A4 সাইজের পাতায় একদিকে লিখতে হবে) বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে।
- ২। প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, মাতার নাম, ফোন নম্বর, পূর্ণ ঠিকানা সহ অধ্যয়নরত শ্রেণি, রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। রচনা শব্দ সংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ জমা দেওয়ার শর্তাবলী :

- ১। রেকর্ডকৃত ভিডিও-এর প্রথমে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, মাতার নাম, ফোন নম্বর, অধ্যয়নরত শ্রেণি, রোল নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় এটি প্রতিযোগিতার জন্য বিবেচনা করা হবে না।

২৫/০২/২০২১

(প্রফেসর ড. জুবাইদা আয়েশা সিদ্দীকা)

আইডি নং-৪৩৭৮

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

বিঃদ্রঃ বিশেষ প্রয়োজনে ০১৭৩৯-০৩১১০৫ নাম্বার এ যোগাযোগ করা যাবে।